নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
নোয়াখালী-৩৮১৪
Noakhali science and Technology University
Noakhali-3814
www.nstu.edu.bd

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর
Public Relations & Publications Office
Phone: 880-2334496581, Mobile: 88-01733998894
e-mail: pr@office.nstu.edu.bd

নোবিপ্রবি/জনওপ্রকা/সংবাদ-বিজ্ঞপ্তি/২০২৫/২২০২ ১৪ জুলাই ২০২৫

সংবাদ বিজ্ঞপ্তি

# নোবিপ্রবিতে বাংলাদেশের উচ্চশিক্ষার গুণগতমান শক্তিশালীকরণে ইউজিসির কৌশলগত ভূমিকা বিষয়ক কর্মশালা

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) দপ্তর ও শাখা প্রধানদের অংশগ্রহণে 'বাংলাদেশে উচ্চশিক্ষার গুণগতমান শক্তিশালীকরণ: ইউজিসির কৌশলগত ভূমিকা' বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। আজ সোমবার (১৪ জুলাই ২০২৫) নোবিপ্রবি ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেলের (আইকিউএসি) আয়োজনে আইকিউএসি সেমিনার কক্ষে এ কর্মশালা অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।

আইকিউএসি পরিচালক অধ্যাপক ড. আসাদুন নবীর সভাপতিত্বে কর্মশালায় বিশেষ অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক ও কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ হানিফ। কর্মশালায় মূল প্রবন্ধ উপস্থাপন করেন বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের (ইউজিসি) মাননীয় সদস্য প্রফেসর ড. মোহাম্মদ আনোয়ার হোসেন। কর্মশালায় আলোচক হিসেবে ছিলেন আইকিউএসির অতিরিক্ত পরিচালক অধ্যাপক ড. মো. আবদুল কাইয়ুম মাসুদ। প্রোগ্রাম মডারেটর ছিলেন আইকিউএসির অতিরিক্ত পরিচালক জি এম রাকিবুল ইসলাম।

কর্মশালায় প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল বলেন, আমরা বিশ্ববিদ্যালয় পর্যায়ে শিক্ষক নিয়োগে সর্বোচ্চ মান বজায় রাখতে ও স্বচ্ছতা নিশ্চিতকরণে কাজ করে যাচ্ছি। উপকূলীয় অঞ্চলের বিশ্ববিদ্যালয় হিসেবে নোবিপ্রবিতে পৃথিবীর উন্নত বিশ্ববিদ্যালয়গুলো থেকে সর্বোচ্চ ডিগ্রিধারীরা যেনো শিক্ষকতার সুযোগ পায় আমরা সে চেষ্টা করছি। আমাদের শিক্ষার্থীরা যেনো গবেষণার ক্ষেত্রে মনোযোগী হয় সেজন্য যা যা করা প্রয়োজন আমরা তা করবো। বাংলাদেশে উচ্চশিক্ষার গুণগতমান নিশ্চিতকরণে আমাদের যে সক্ষমতা রয়েছে তা দিয়েই লক্ষের দিকে এগিয়ে যেতে হবে।

কর্মশালার কি-নোট স্পিকার ইউজিসির মাননীয় সদস্য প্রফেসর ড. মোহাম্মদ আনোয়ার হোসেন বলেন, বাংলাদেশকে উন্নত বিশ্বের আদলে গড়ে তুলতে হলে সর্বাগ্রে এর উচ্চশিক্ষার মান শক্তিশালী করতে হবে। আর এটা যদি নিশ্চিত করা যায় তখনই কেবল দেশের উন্নয়ন সম্ভব। জুলাই পরবর্তী বাংলাদেশে আমরা চাই বৈষম্যহীন শিক্ষা ও সমাজ ব্যবস্থার উন্নয়ন ঘটাতে। এক্ষেত্রে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (ইউজিসি) বিশ্ববিদ্যালয় পর্যায়ে শিক্ষা ও গবেষণার মানোন্নয়নে সর্বদা কাজ করে যাচ্ছে।

কর্মশালায় বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের চেয়ারম্যানবৃন্দ ও কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

ইফতেখার হোসাইন
সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)
মোবা ০১৭৩৩৯৯৮৮৯৪